

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২২৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২২৬]

পর্ব-১৩: সাহু (ভুল) (كِتَابُ السَّهْوِ)

পরিচ্ছেদঃ ২২: যে দু' রাক'আতের পরে ভুলে সালাম ফিরিয়ে ফেলল এবং কথা বলে ফেলল সে কি করবে?

مَا يَفْعَلُ مَنْ سَلَّمَ مِنْ رَكَعَتَيْنِ نَاسِيًا وَتَكَلَّمَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، قَالَ: حَدَّثَنَا ابْنُ الْقَاسِمِ، عَنْ مَالِكٍ، قَالَ: حَدَّثَنِي أَيُّوبُ، عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، انْصَرَفَ مِنْ اثْنَتَيْنِ، فَقَالَ لَهُ ذُو الْيَدَيْنِ: أَقْصَرْتَ الصَّلَاةَ أَمْ نَسِيتَ يَا رَسُولَ اللَّهِ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَصَدَقَ ذُو الْيَدَيْنِ، فَقَالَ النَّاسُ: نَعَمْ، فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَصَلَّى اثْنَتَيْنِ، ثُمَّ سَلَّمَ، ثُمَّ كَبَّرَ فَسَجَدَ مِثْلَ سُجُودِهِ أَوْ أَطْوَلَ، ثُمَّ رَفَعَ رَأْسَهُ، ثُمَّ سَجَدَ مِثْلَ سُجُودِهِ أَوْ أَطْوَلَ، ثُمَّ رَفَعَ.

تخريج دارالدعوة: صحيح البخارى/الأذان ٦٩ (٧١٤)، السجود ٤ (١٢٢٨)، أخبار الأحاد ١ (٧٢٥٠)، سنن أبى داود/الصلاة ١٩٥ (١٠٠٩)، سنن الترمذى/الصلاة ١٧٦ (٣٩٩)، موطا امام مالك/الصلاة ١٥ (٥٨)، (تحفة الأشراف: ١٢٢٤٩) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1226 - صحيح

বাংলা

১২২৫. মুহাম্মাদ ইবনু সালামাহ্ (রহ.) আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) দু' রাক'আত সালাতের পর সালাম ফিরালেন। তখন তাকে যুলইয়াদায়ন (রাঃ) বলেন, হে আল্লাহর রসূল (সা.)! সালাত কি সৎক্ষিপ্ত করা হয়েছে, না আপনি ভুলে গেছেন? তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, যুলইয়াদায়ন কি ঠিক বলেছে? লোকেরা বললো, হ্যাঁ। অতঃপর রাসূলুল্লাহ (সা.) - দাড়ােলেন এবং দু' রাক'আত সালাত আদায় করে সালাম ফিরালেন। তারপর তাকবীর বলে পূর্বের সিজদার মতো বা তার চেয়েও দীর্ঘ একটা সিজদা করলেন। পরে মাথা উঠালেন এবং পূর্বের সিজদার মতো বা তার চেয়েও দীর্ঘ আরও একটা সিজদা করে মাথা উঠালেন।

English

22. What Should A Person Do If He Says The Taslim Following Two Rak'ahs By Mistake And Then Speaks

It was narrated from Abu Hurairah that : The Messenger of Allah (ﷺ) finished praying two rak'ahs, and Dhul-Yadain said to him: Has the prayer been shortened or did you forget, O Messenger of Allah? The Messenger of Allah (ﷺ) said: Is Dhul-Yadain speaking the truth? The people said: Yes. So the Messenger of Allah (ﷺ) stood up and prayed two, then he said the takbir and prostrated as usual or longer than that. Then he raised his head, then he prostrated as usual or longer than that, then he sat up.

ফুটনোট

সহীহ: বুখারী ৭১৪, মুসলিম (১/৯৭/৪০৩)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87619>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন